

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং- ৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪ (অংশ-২)-৩৯৫

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি  
তারিখ: ২৬ বৈশাখ, ১৪৩০  
৯ মে, ২০২৩


প্রজ্ঞাপন

যেহেতু, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন ডুমাইন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহ আসাদুজ্জামান তপন-এর বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ন-২ এর কার্যক্রমে বাধা প্রদান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপর হামলা ও সরকারি গাড়ি ভাংচুড়ের ইঙ্কানসহ ঘটনায় জড়িত থাকায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৪(৪)(খ)(ঘ) ধারা অনুযায়ী জেলা প্রশাসক, ফরিদপুর ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

যেহেতু, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন ডুমাইন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহ আসাদুজ্জামান তপন-এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তার দ্বারা ইউনিয়ন পরিষদের ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন ডুমাইন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহ আসাদুজ্জামান তপন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪)(খ)(ঘ) ধারার অপরাধ সংঘটিত করায় উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
( জেসমীন প্রধান )  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৩০৩৯৮  
Email: lgup1@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪ (অংশ-২)-৩৯৫


তারিখ: ২৬ বৈশাখ, ১৪৩০  
৯ মে, ২০২৩

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব শাহ আসাদুজ্জামান তপন (সাময়িক বরখাস্ত), চেয়ারম্যান, ডুমাইন ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।

  
( জেসমীন প্রধান )  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মুনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪ (অংশ-২)-৩৯৬

তারিখ: ২৬ বৈশাখ, ১৪৩০  
৯ মে, ২০২৩

বিষয়: কারণ দর্শনোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন ডুমাইন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহ আসাদুজ্জামান তপন-এর বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ন-২ এর কার্যক্রমে বাধা প্রদান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপর হামলা ও সরকারি গাড়ি ভাংচুড়ের ইকনসহ ঘটনায় জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, ফরিদপুর-এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ৯ মে, ২০২৩ তারিখের ৩৯৫ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৪(৪)(খ)(ঘ) ধারার অপরাধ সংঘটিত করায় কেন আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, ফরিদপুর-এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

  
(জেসমীন প্রধান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪  
Email: lgup1@lgd.gov.bd

জনাব শাহ আসাদুজ্জামান তপন (সাময়িক বরখাস্ত)  
চেয়ারম্যান, ডুমাইন ইউনিয়ন পরিষদ  
মধুখালী, ফরিদপুর।

বিতরণ: (সদয় জাতার্থে/কার্যার্থে)

- জেলা প্রশাসক, ফরিদপুর (উল্লিখিত চেয়ারম্যানের নিকট নোটিশ জারিপূর্বক তার জবাব সংগ্রহ করে মতামতসহ এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অফিস কপি।